JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নৌচালকদের নিরাপত্তা জোরদার করতে গভর্নর কুওমো ব্রিয়ানার আইন (BRIANNA'S LAW) সই করেছেন।

সমস্ত পাওয়ার বোট অপারেটরদের 2025 সালের মধ্যে নিরাপত্তা সংক্রান্ত কোর্স করা বাধ্যতামূলক

পাঁচ বছরের ফেজ-ইন মোটরচালিত জলযানের ক্ষেত্রে প্রযোজ্য

রাজ্য পার্কগুলি বোটিং নিরাপত্তা প্রচারমূলক অভিযান শুরু করবে

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ আইন (S.5685/A.4853.A)-বা ব্রিয়ানাজ ল্য স্বাক্ষর করেন - যাতে মোটরচালিত জলযানের সব অপারেটর.দের একটি রাজ্য অনুমোদিত বোটিং নিরাপত্তার কোর্স সম্পূর্ণ করা বাধ্যতামূলক করা যায় পর্যায়ক্রমে। লং আইল্যান্ডের 11 বছর বয়স্ক ব্রিয়ানা ল, যে 2005 সালে নৌকা দুর্ঘটনায় মারা যায়, তার নামে ব্রিয়ায়ানা ল্যয়ের নামকরণ করা হয়েছে। এছাড়াও, রাজ্য পার্কগুলিকে বোটিং সেফটি প্রোমোশনাল ক্যাম্পেইন চালু করার নির্দেশ দেন গভর্নর নৌচালকদের একটি নিরাপত্তার কোর্স করার নতুন প্রয়োজনীয়তা সম্পর্কে মনে করিয়ে দিতে।

"নৌকাবিহার অনেক জনপ্রিয় হয়ে উঠেছে এবং আমাদের নিয়ম এবং আইন সত্যিই এর সাথে সঙ্গতি রেখে চলেনি", **গভর্নর কুওমো বলেন।** "একটি নৌকা পরিচালনা করার অনুমতি পাওয়ার আগে আপনার একটি মৌলিক স্তরের জ্ঞান থাকা উচিত, এবং একটি নিরাপত্তা কোর্স বাধ্যতামূলক করা বুদ্ধিমানের কাজ। এটা নৌকার অপারেটর এবং সবাই যারা অপারেটর সংস্পর্শে আসতে পারে তাদের রক্ষা করে, এবং এটি আমাদের পানিকে নিরাপদ করে তুলবে। এই পরিস্থিতিকে মানুষের জন্য বাস্তব করে তোলে একটি ভয়াবহ দুর্ঘটনা, কিন্তু এই আইনের মাধ্যমে ব্রিয়ানা জীবন বাঁচাচ্ছে এবং তার ভালোবাসা জীবিত থাকছে।"

এই পরিমাপ গভর্নর কুওমোর স্বাক্ষরিত পূর্বের একটি আইন প্রসারিত করে যা 1 মে 1996 এর পর জন্ম নেওয়া নৌচালকদের জন্য একটি মোটরচালিত জলযান পরিচালনার আগে একটি নিরাপত্তার কোর্স সম্পূর্ণ করা বাধ্যতামূলক করে। ফেজ-ইনের অধীনে, সব মোটর চালিত নৌকা অপারেটরদের, যাদের 1 জানুয়ারি 1993-তে বা তার পরে জন্ম, তাদের অবশ্যই একটি নিরাপত্তার কোর্স সম্পূর্ণ করতে হবে একটি মোটর নৌকা পরিচালনা করতে 2020 সাল থেকে শুরু করে। 1 জানুয়ারি, 1988-এর পর যাদের জন্ম, তাদের অবশ্যই 2022 সালে শুরু একটি সেফটি কোর্স সম্পূর্ণ করতে হবে। 1 জানুয়ারি, 1983 বা তার পরে যাদের জন্ম, তাদের অবশ্যই 2023-এ শুরু করে একটি সেফটি কোর্স সম্পূর্ণ করতে হবে। 1 জানুয়ারি, 1978 বা তার পরে যাদের জন্ম, তাদের অবশ্যই 2024-এ শুরু করে একটি সেফটি কোর্স সম্পূর্ণ করতে হবে। এই আবশ্যকতা বয়স নির্বিশেষে

2025 সালে শুরু সমস্ত মোটর বোট অপারেটরের ক্ষেত্রে প্রযোজ্য হবে। মেনে চলতে ব্যর্থতার জন্য 100 এবং 250 মার্কিন ডলারের মধ্যে জরিমানা হতে পারে নতুন আইন অনুযায়ী যা কার্যকর হবে 1, জানুয়ারি 2020।

পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের যে দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation) এই আইনকে বলবৎ করে, তাদের হিসেব বলছে, 1 জানুয়ারি 2025 সালে ফেজ-ইনশেষ হওয়ার আগে সেফটি কোর্সগুলি নিতে হবে প্রায় এক মিলিয়ন নৌচালকদের।

গভর্নর কুওমো রাজ্য পার্কগুলিকে একটি বোটিং নিরাপত্তা প্রচারণামূলক ক্যাম্পেইনও চালু করার নির্দেশ দিয়েছেন যাতে নৌচালকরা নতুন প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন হন তা নিশ্চিত করা যায় রেডিও ও সামাজিক মাধ্যমের বিজ্ঞাপন সহ, অনলাইনে বা সশরীরে একটি কোর্স করার জন্য আমাদের জলপথের, নিরাপত্তা উন্নত করার উদ্দেশ্যে; আইন প্রয়োগকারী সংস্থাগুলি, মার্কিন কোস্ট গার্ড, মারিনা, বোটিং শিক্ষা প্রশিক্ষক এবং বোটিং নিরাপত্তা অংশীদারদের তথ্যমূলক উপকরণ বিতরণ করা, ; এবং স্টেট পার্কস ওয়েবসাইটের আপডেট সহ।

স্টেটের পার্কস (State Parks)-এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "নিউ ইয়র্ক স্টেট দেশের সেরা বোটিং এবং মাছ ধরার কিছু অভিযান প্রদান করে। এই অ্যাডভেঞ্চার উপভোগ করার সব চেয়ে ভাল উপায় হল তা নিরাপদে করা। প্রতিটি নৌচালকের একটি মোটর বোট পরিচালনার আগে বোটিং নিরাপত্তা প্রাথমিক বিষয়গুলি শিখে নেওয়া বুদ্ধিমানের কাজ।"

সেনেটর জন ই. ব্রুকস বলেন, "আমি খুবই আনন্দিত যে গভর্নর কুওমো এই গুরুত্বপূর্ণ বিলটি স্বাক্ষর করে আইন হিসেবে প্রণয়ন করেছেন এবং আমি এই আইন পাশ করানোর উদ্দেশ্যে তার অক্লান্ত প্রচেষ্টার জন্য জিনা লিনেকের প্রশংসা করতে চাই। আমাদের সবাইকে স্বীকার করতে হবে যে আমাদের জলপথের জন্য নৌচালনার নিরাপত্তা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং আমি আত্মবিশ্বাসী যে এই আইনের সাথে যুক্ত প্রশিক্ষণ জীবন রক্ষা করবে। আমি গভর্নর কুওমোর নেতৃত্বকে সাধুবাদ জানাই এবং তাকে ধন্যবাদ জানাই লং আইল্যান্ডের সমুদ্র সৈকত ও জলপথকে পারিবারিক বিনোদনের গন্তব্য তৈরি করার চেষ্টা চালিয়ে যাওয়ার জন্য।"

সিনেটর ফিল বয়েল বলেন, "আজ গভর্নর কুওমোর স্বাক্ষরের সাথে ব্রিয়ানাজ ল্য আমাদের জলপথ নিরাপদ করতে শুরু করবে। আমরা জিনা এবং লিনেক পরিবারকে ধন্যবাদ জানাই নিউ ইয়র্কে বোটিং নিরাপত্তা কোর্সের প্রয়োজন বাধ্যতামূলক করার উদ্দেশ্যে তাদের দীর্ঘ এবং কঠিন লড়াই কখনও ছেড়ে না দেওয়ার জন্য। "

অ্যাসেম্বলি সদস্য কিম্বারলি জিন-পিয়েরে বলেন, "নৌকাবিহার লং আইল্যান্ডের সুন্দর প্রাকৃতিক সম্পদ ভোগ করার একটি সেরা উপায়, কিন্তু দুঃখজনকভাবে, আমরা অনেক বেশী দুর্ঘটনা দেখেছি যা সঠিক নিরাপত্তা শিক্ষার সাথে এড়ানো যেতে পারে। 2005 সালে একটি বোটিং দুর্ঘটনায় প্রাণ হারানো লং আইল্যান্ডের নিজস্ব ব্রিয়ায়ানা লিনেকের নামে নামাঙ্কিত ব্রিয়ানাজ ল্য, ভবিষ্যতে এই ধরনের ঘটনা প্রতিরোধে সাহায্য করবে, সমস্ত নৌচালকদের জন্য এটি জানা বাধ্যতামূলক করে কিভাবে তাদের জলযান নিরাপদভাবে পরিচালনা করতে হয় এবং কিভাবে সঙ্কটের সময় কাজ করতে হয়। আমি এই গুরুত্বপূর্ণ আইনের জন্য কঠিন লড়াই করেছি, এবং আমি গভর্নরকে ধন্যবাদ

জানাতে চাই, আমাদের পরিবারগুলিকে রক্ষা করতে সাহায্য করতে সেটি আইনে স্বাক্ষর করার জন্য।"

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেন, "এটা গুরুত্বপূর্ণ যে আমাদের জলপথ বিপজ্জনক এবং বেপরোয়া বোটিং থেকে নিরাপদ থাকুক, এবং এই আইন নিশ্চিত করবে যে কেউ যিনি মোটরচালিত জলযান পরিচালনা করবেন তিনি নির্বিঘ্নে পানিতে চলাচল করার উপযুক্ত প্রশিক্ষণ পাবেন। আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই এই গুরুত্বপূর্ণ আইন স্বাক্ষরের জন্য এবং ব্রিয়ানা লিনেকের জীবনকে সম্মান জানানোর জন্য।"

নাসাউ কাউন্টির এক্সিকিউটিভ লরা কুরান বলেন, "আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই এই ঐতিহাসিক বিলটি স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য। আমাদের সড়কগুলোকে যেভাবে রক্ষা করা হয় সেভাবেই অভশ্যই আমাদের জলপথগুলিকে রক্ষা করতে হবে। বাণিজ্যিক মাছ ধরার কাজে ব্যস্ত থাকা ট্র্যাফিক ছাড়াও নাসাউতে আমাদের 40,000 বিনোদনমূলক নৌকা নিবন্ধিত রয়েছে। এড়ানো যায় এমন ঘটনা থেকে বাসিন্দাদের রক্ষা করতে নৌপথসংক্রান্ত আইন ও নিরাপত্তা বিধি বলবত করতে থাকবে নাসাউ। এই কমন-সেন্স আইন প্রাণ বাঁচাবে। এটি নৌ-চলাচল সংক্রান্ত আইন ও সংশ্লিষ্ট নিরাপত্তা পদ্ধতি সম্পর্কে জানা ও মানা অপারেটরদের জন্য বাধ্যতামূলক করে নৌবিহারের সাথে জড়িত জনগণ এবং তাদের যাত্রীদের নিরাপদ রাখতে সাহায্য করবে। আপনাদের ধন্যবাদ সিনেটর জন ব্রুকস, অ্যাসেম্বলি সদস্যা জঁ-পিয়ের এবং সবাইকে যারা কাজ করেছেন ব্রিয়ানাজ ল্য কে ফিনিশিং লাইন পার করানোর জন্য। নিজের মেয়ের জীবন যে অযথা হারিয়ে যায়নি, তা নিশ্চিত করার জন্য অক্লান্ত লড়াইয়ের জন্য ব্রিয়ায়ান লিনেকের মা জিনা লিনেককে বিশেষভাবে ধন্যবাদ জানাতে চাই।"

এই নতুন চাহিদা পূরণের জন্য স্টেট পার্ক:সের অনুমোদিত ইন্টারনেট-ভিত্তিক শিক্ষণ ও প্রত্যয়নের অব্যাহত গ্রহণযোগ্যতা এই আইন অনুমোদন করে। ক্লাসরুম কোর্সও উপলভ্য হওয়া অব্যাহত থাকবে। ইন্টারনেট এবং ইন-ক্লাসরুম উভয় কোর্সের তথ্য পাওয়া যাবে রাজ্য পার্কগুলির ওয়েবসাইট।

2018 সালের রাজ্য বিনোদনমূলক বোটিং রিপোর্ট (Recreational Boating Report) অনুযায়ী রাজ্যে প্রায় 439,000 নিবন্ধিত পাওয়ারবোট রয়েছে।

সেইলবোট, কায়াকের, স্ট্যান্ডআপ প্যাডেলবোর্ড, রোবোট বা ক্যানোর পরিচালকদের ক্ষেত্রে এই আইন প্রযোজ্য নয়।

###

অতিরিক্ত তথ্য এখানে উপলব্ধ www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন